নির্বাহী পরিচালকের কার্যালয়
- অতিঃ পরিচালক
- উপ পরিচালক
- প্রকল্প পরিচালক
- প্রকল্প পরিচালক
- প্রকল্প পরিচালক

৫/৫/২০২৫
নির্বাহী পরিচালক

SNS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৩৮

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ/২০২৫-২৬ মৌসুমে উন্নত জাতের উচ্চ ফলনশীল হাইব্রিড তুলা বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য সহায়তা বাবদ অর্থ ছাড়করণ ও জি.ও জারি সংক্রান্ত।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে খরিপ/২০২৫-২৬ মৌসুমে তুলা বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বীজ, সার ও বালাইনাশক বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ এ মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩৮২০৮.০০ লক্ষ (তিনশত বিরাশি কোটি আট লক্ষ) টাকা হতে ৪৪৩.১০ লক্ষ (চার কোটি তেতাল্লিশ লক্ষ দশ হাজার) টাকা, ৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ২০০০০.০০ লক্ষ (দুইশত কোটি) টাকা হতে ৭৫৪.৩২৫ লক্ষ (সাত কোটি চুয়ান্ন লক্ষ বত্রিশ হাজার পাঁচশত) টাকা ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ১১১৭৭.০০ লক্ষ (একশত এগারো কোটি সাতাত্তর লক্ষ) হতে ৪৯০.৫৭৫ লক্ষ (চার কোটি নব্বই লক্ষ সাতান্ন হাজার পাঁচশত) টাকাসহ সর্বমোট ১৬৮৮.০০ লক্ষ (ষোল কোটি আটাশি লক্ষ) টাকা সংশ্লিষ্ট ২৩ (তেইশ) টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির এর অনুকূলে নির্ধারিত বাস্তবায়ন পদ্ধতি ও নিম্নরূপ আর্থিক বিধি-বিধান পরিপালনের শর্তে বরাদ্দ, ছাড় ও অগ্রিম উত্তোলনের সম্মতিক্রমে নির্দেশক্রমে জ্ঞাপন করা হল:

শর্তাবলি:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;
৩. কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কৃষকের সার, বীজ এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ সহায়তা প্রদান পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক এ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
৪. সার, বীজ ও আনুষংঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;
৫. বরাদ্দকৃত এ অর্থের সমুদয় ব্যয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণ এর নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
৬. অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।

আপনার বিশ্বস্ত

স্বাঃ/-

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৩৮

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

এ আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০৪/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪. ৬১১

তারিখ : 29/04/2025

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

29/04/2025
(মুহাম্মদ আনিসুর রহমান)
যুগ্মসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৩৮

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলির আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৯. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
১০. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৩ জেলা)।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাঃ/-
মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব

নির্বাহী পরিচালকের কার্যালয়
☐ অতিঃ পরিচালক
☐ উপ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ প্রকল্প পরিচালক
নির্বাহী পরিচালক ৫/৫/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৪৩

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ/২০২৫-২৬ মৌসুমে উন্নত জাতের উচ্চ ফলনশীল হাইব্রিড তুলা বীজ প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৩৮, তারিখ: ২৭/০৪/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ/২০২৫-২৬ মৌসুমে তুলা বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বীজ, সার ও বালাইনাশক বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ ছাড়কৃত ১৬৮৮.০০ লক্ষ (ষোল কোটি আটাশি লক্ষ) টাকা ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ০৩ নং অনুচ্ছেদে জেলাওয়ারী প্রণোদনা কর্মসূচির বিবরণ, ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক নং | খরচের খাত/উপকরণ | | কেজি | একক খরচ (টাকা) | মোট খরচ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | তুলা বীজ (হাইব্রিড) | | ০.৬০ | ৩৫০০.০০ | ২১০০.০০ |
| ২ | রাসায়নিক সার | | | | |
| ৩ | ইউরিয়া (N ৪৬%) | | ২৫.০০ | ২৫.০০ | ৬২৫.০০ |
| | টিএসপি (P ৪৬%) | | ৫০.০০ | ২৫.০০ | ১২৫০.০০ |
| | এমওপি(K ৫০%) | | ৫০.০০ | ১৮.০০ | ৯০০.০০ |
| | বোরণ (B ১৭%) | | ২.০০ | ৪০০.০০ | ৮০০.০০ |
| | **উপমোট** | | ১২৭.৬০ | | |
| ৪ | পরিবহন ব্যয় টাকা | | ১২৭.৬০ | কেজি প্রতি ১.৫০ | ১৯১.৪০ |
| | আনুষংগিক ও অপ্রত্যাশিত | | ১২৭.৬০ | কেজি প্রতি ১.০০ | ১২৭.৬০ |
| ৫ | বালাইনাশক | ডাইফেনথিউরান | ২০০ এমএল | ৩২০ টাকা (প্রতি ১০০ এমএল) | ৬৪০.০০ |
| | | স্পেনোসেড/ক্লোরান্ট্রানিলিপ্রোল+ থায়ামেথোক্সাম | ১০০ এমএল | ৩২০ টাকা (প্রতি ৫০ এমএল) | ৬৪০.০০ |
| | | ছত্রাকনাশক | ১৫০ এমএল | থোক | ৩৯৬.০০ |
| ৬ | পিজিআর | ম্যাপাকুয়েট ক্লোরাইড | ৩০০ এমএল | ১১০ টাকা (১০০ এমএল) | ৩৩০.০০ |
| **সর্বমোট টাকা** | | | | | ৮০০০.০০ |

## ০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র. নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | মোট উপকরণ সহায়তার পরিমাণ (মেঃ টন/লিটার) | | | | | | | | | | | উপকরণের ব্যয় (লক্ষ) টাকা | | | | | | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ (মেঃ টন) | রাসায়নিক সার (মেঃ টন) | | | | | বালাইনাশক (লিটার) | | | বৃদ্ধি নিয়ন্ত্রক (লিটার) | | "৩২৫১১০১ - বীজ ও চারা" | "৩২৫১১০৫ – সার" | | | | | "৩৬৩১১৯৯ — অন্যান্য অনুদান" | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | সার | | | | | কীটনাশক | | | | অন্যান্য আনুষঙ্গিক ব্যয় | | | |
| | | | হাইব্রিড তুলা বীজ | ইউরিয়া | টিএসপি | এমওপি | বোরণ | উপ মোট (সার) | ডাইফেনথিউরান | স্পিনোসেড / ক্লোরান্ট্রানিলিপ্রোল + থায়ামেথোক্সাম | ছত্রাকনাশক | ম্যাপাকুয়েট ক্লোরাইড | উপ মোট বালাইনাশক | হাইব্রিড তুলা বীজ | ইউরিয়া | টিএসপি | এমওপি | বোরণ | উপ মোট (সার) | ডাইফেনথিউরান | স্পিনোসেড / ক্লোরান্ট্রানিলিপ্রোল +থায়ামেথোক্সাম | ছত্রাকনাশক | ম্যাপাকুয়েট ক্লোরাইড | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ১ | যশোর | ২০৫০ | ১.২৩ | ৫১.২৫ | ১০২.৫ | ১০২.৫ | ৪.১ | ২৬০.৩৫ | ৪১০ | ২০৫ | ৩০৭.৫ | ৬১৫ | ১৫৩৭.৫ | ৪৩.০৫ | ১২.৮১২৫ | ২৫.৬২৫ | ১৮.৪৫ | ১৬.৪ | ৭৩.২৮৭৫ | ১৩.১২ | ১৩.১২ | ৮.১১৮ | ৬.৭৬৫ | ৩.৯২৩৭ | ২.৬১৫৮ | ৪৭.৬৬২৫ | ১৬৪ |
| ২ | ঝিনাইদহ | ৩০০০ | ১.৮ | ৭৫ | ১৫০ | ১৫০ | ৬ | ৩৮১ | ৬০০ | ৩০০ | ৪৫০ | ৯০০ | ২২৫০ | ৬৩ | ১৮.৭৫ | ৩৭.৫ | ২৭ | ২৪ | ১০৭.২৫ | ১৯.২ | ১৯.২ | ১১.৮৮ | ৯.৯ | ৫.৭৪২ | ৩.৮২৮ | ৬৯.৭৫ | ২৪০ |
| ৩ | মাগুরা | ৫৫০ | ০.৩৩ | ১৩.৭৫ | ২৭.৫ | ২৭.৫ | ১.১ | ৬৯.৮৫ | ১১০ | ৫৫ | ৮২.৫ | ১৬৫ | ৪১২.৫ | ১১.৫৫ | ৩.৪৩৭৫ | ৬.৮৭৫ | ৪.৯৫ | ৪.৪ | ১৯.৬৬২৫ | ৩.৫২ | ৩.৫২ | ২.১৭৮ | ১.৮১৫ | ১.০৫২৭ | ০.৭০১৮ | ১২.৭৮৭৫ | ৪৪ |
| ৪ | চুয়াডাঙ্গা | ৩০৫০ | ১.৮৩ | ৭৬.২৫ | ১৫২.৫ | ১৫২.৫ | ৬.১ | ৩৮৭.৩৫ | ৬১০ | ৩০৫ | ৪৫৭.৫ | ৯১৫ | ২২৮৭.৫ | ৬৪.০৫ | ১৯.০৬২৫ | ৩৮.১২৫ | ২৭.৪৫ | ২৪.৪ | ১০৯.০৩৭৫ | ১৯.৫২ | ১৯.৫২ | ১২.০৭৮ | ১০.০৬৫ | ৫.৮৩৭৭ | ৩.৮৯১৮ | ৭০.৯১২৫ | ২৪৪ |
| ৫ | মেহেরপুর | ৫৬০০ | ৩.৩৬ | ১৪০ | ২৮০ | ২৮০ | ১১.২ | ৭১১.২ | ১১২০ | ৫৬০ | ৮৪০ | ১৬৮০ | ৪২০০ | ১১৭.৬ | ৩৫ | ৭০ | ৫০.৪ | ৪৪.৮ | ২০০.২ | ৩৫.৮৪ | ৩৫.৮৪ | ২২.১৭৬ | ১৮.৪৮ | ১০.৭১৮৪ | ৭.১৪৫৬ | ১৩০.২ | ৪৪৮ |
| ৬ | কুষ্টিয়া | ২০৫০ | ১.২৩ | ৫১.২৫ | ১০২.৫ | ১০২.৫ | ৪.১ | ২৬০.৩৫ | ৪১০ | ২০৫ | ৩০৭.৫ | ৬১৫ | ১৫৩৭.৫ | ৪৩.০৫ | ১২.৮১২৫ | ২৫.৬২৫ | ১৮.৪৫ | ১৬.৪ | ৭৩.২৮৭৫ | ১৩.১২ | ১৩.১২ | ৮.১১৮ | ৬.৭৬৫ | ৩.৯২৩৭ | ২.৬১৫৮ | ৪৭.৬৬২৫ | ১৬৪ |
| ৭ | রাজশাহী | ৬৫০ | ০.৩৯ | ১৬.২৫ | ৩২.৫ | ৩২.৫ | ১.৩ | ৮২.৫৫ | ১৩০ | ৬৫ | ৯৭.৫ | ১৯৫ | ৪৮৭.৫ | ১৩.৬৫ | ৪.০৬২৫ | ৮.১২৫ | ৫.৮৫ | ৫.২ | ২৩.২৩৭৫ | ৪.১৬ | ৪.১৬ | ২.৫৭৪ | ২.১৪৫ | ১.২৪৪১ | ০.৮২৯৪ | ১৫.১১২৫ | ৫২ |
| ৮ | নাটোর | ৭৩০ | ০.৪৩৮ | ১৮.২৫ | ৩৬.৫ | ৩৬.৫ | ১.৪৬ | ৯২.৭১ | ১৪৬ | ৭৩ | ১০৯.৫ | ২১৯ | ৫৪৭.৫ | ১৫.৩৩ | ৪.৫৬২৫ | ৯.১২৫ | ৬.৫৭ | ৫.৮৪ | ২৬.০৯৭৫ | ৪.৬৭২ | ৪.৬৭২ | ২.৮৯০৮ | ২.৪০৯ | ১.৩৯৭২২ | ০.৯৩১৪৮ | ১৬.৯৭২৫ | ৫৮.৪ |
| ৯ | চাঁপাইনবাবগঞ্জ | ৭০ | ০.০৪২ | ১.৭৫ | ৩.৫ | ৩.৫ | ০.১৪ | ৮.৮৯ | ১৪ | ৭ | ১০.৫ | ২১ | ৫২.৫ | ১.৪৭ | ০.৪৩৭৫ | ০.৮৭৫ | ০.৬৩ | ০.৫৬ | ২.৫০২৫ | ০.৪৪৮ | ০.৪৪৮ | ০.২৭৭২ | ০.২৩১ | ০.১৩৩৯৮ | ০.০৮৯৩২ | ১.৬২৭৫ | ৫.৬ |
| ১০ | বগুড়া | ৩৫০ | ০.২১ | ৮.৭৫ | ১৭.৫ | ১৭.৫ | ০.৭ | ৪৪.৪৫ | ৭০ | ৩৫ | ৫২.৫ | ১০৫ | ২৬২.৫ | ৭.৩৫ | ২.১৮৭৫ | ৪.৩৭৫ | ৩.১৫ | ২.৮ | ১২.৫১২৫ | ২.২৪ | ২.২৪ | ১.৩৮৬ | ১.১৫৫ | ০.৬৬৯৯ | ০.৪৪৬৬ | ৮.১৩৭৫ | ২৮ |
| ১১ | পাবনা | ২০০ | ০.১২ | ৫ | ১০ | ১০ | ০.৪ | ২৫.৪ | ৪০ | ২০ | ৩০ | ৬০ | ১৫০ | ৪.২ | ১.২৫ | ২.৫ | ১.৮ | ১.৬ | ৭.১৫ | ১.২৮ | ১.২৮ | ০.৭৯২ | ০.৬৬ | ০.৩৮২৮ | ০.২৫৫২ | ৪.৬৫ | ১৬ |
| ১২ | সিরাজগঞ্জ | ২৭০ | ০.১৬২ | ৬.৭৫ | ১৩.৫ | ১৩.৫ | ০.৫৪ | ৩৪.২৯ | ৫৪ | ২৭ | ৪০.৫ | ৮১ | ২০২.৫ | ৫.৬৭ | ১.৬৮৭৫ | ৩.৩৭৫ | ২.৪৩ | ২.১৬ | ৯.৬৫২৫ | ১.৭২৮ | ১.৭২৮ | ১.০৬৯২ | ০.৮৯১ | ০.৫১৬৭৮ | ০.৩৪৪৫২ | ৬.২৭৭৫ | ২১.৬ |
| ১৩ | ঠাকুরগাঁও | ১৪০ | ০.০৮৪ | ৩.৫ | ৭ | ৭ | ০.২৮ | ১৭.৭৮ | ২৮ | ১৪ | ২১ | ৪২ | ১০৫ | ২.৯৪ | ০.৮৭৫ | ১.৭৫ | ১.২৬ | ১.১২ | ৫.০০৫ | ০.৮৯৬ | ০.৮৯৬ | ০.৫৫৪৪ | ০.৪৬২ | ০.২৬৭৯৬ | ০.১৭৮৬৪ | ৩.২৫৫ | ১১.২ |
| ১৪ | দিনাজপুর | ১৬০ | ০.০৯৬ | ৪ | ৮ | ৮ | ০.৩২ | ২০.৩২ | ৩২ | ১৬ | ২৪ | ৪৮ | ১২০ | ৩.৩৬ | ১ | ২ | ১.৪৪ | ১.২৮ | ৫.৭২ | ১.০২৪ | ১.০২৪ | ০.৬৩৩৬ | ০.৫২৮ | ০.৩০৬২৪ | ০.২০৪১৬ | ৩.৭২ | ১২.৮ |
| ১৫ | রংপুর | ২৫০ | ০.১৫ | ৬.২৫ | ১২.৫ | ১২.৫ | ০.৫ | ৩১.৭৫ | ৫০ | ২৫ | ৩৭.৫ | ৭৫ | ১৮৭.৫ | ৫.২৫ | ১.৫৬২৫ | ৩.১২৫ | ২.২৫ | ২ | ৮.৯৩৭৫ | ১.৬ | ১.৬ | ০.৯৯ | ০.৮২৫ | ০.৪৭৮৫ | ০.৩১৯ | ৫.৮১২৫ | ২০ |
| ১৬ | লালমনিরহাট | ৯০ | ০.০৫৪ | ২.২৫ | ৪.৫ | ৪.৫ | ০.১৮ | ১১.৪৩ | ১৮ | ৯ | ১৩.৫ | ২৭ | ৬৭.৫ | ১.৮৯ | ০.৫৬২৫ | ১.১২৫ | ০.৮১ | ০.৭২ | ৩.২১৭৫ | ০.৫৭৬ | ০.৫৭৬ | ০.৩৫৬৪ | ০.২৯৭ | ০.১৭২২৬ | ০.১১৪৮৪ | ২.০৯২৫ | ৭.২ |
| ১৭ | গাইবান্ধা | ১১০ | ০.০৬৬ | ২.৭৫ | ৫.৫ | ৫.৫ | ০.২২ | ১৩.৯৭ | ২২ | ১১ | ১৬.৫ | ৩৩ | ৮২.৫ | ২.৩১ | ০.৬৮৭৫ | ১.৩৭৫ | ০.৯৯ | ০.৮৮ | ৩.৯৩২৫ | ০.৭০৪ | ০.৭০৪ | ০.৪৩৫৬ | ০.৩৬৩ | ০.২১০৫৪ | ০.১৪০৩৬ | ২.৫৫৭৫ | ৮.৮ |
| ১৮ | ময়মনসিংহ | ১৫০ | ০.০৯ | ৩.৭৫ | ৭.৫ | ৭.৫ | ০.৩ | ১৯.০৫ | ৩০ | ১৫ | ২২.৫ | ৪৫ | ১১২.৫ | ৩.১৫ | ০.৯৩৭৫ | ১.৮৭৫ | ১.৩৫ | ১.২ | ৫.৩৬২৫ | ০.৯৬ | ০.৯৬ | ০.৫৯৪ | ০.৪৯৫ | ০.২৮৭১ | ০.১৯১৪ | ৩.৪৮৭৫ | ১২ |
| ১৯ | জামালপুর | ৩০০ | ০.১৮ | ৭.৫ | ১৫ | ১৫ | ০.৬ | ৩৮.১ | ৬০ | ৩০ | ৪৫ | ৯০ | ২২৫ | ৬.৩ | ১.৮৭৫ | ৩.৭৫ | ২.৭ | ২.৪ | ১০.৭২৫ | ১.৯২ | ১.৯২ | ১.১৮৮ | ০.৯৯ | ০.৫৭৪২ | ০.৩৮২৮ | ৬.৯৭৫ | ২৪ |
| ২০ | শেরপুর | ২৫০ | ০.১৫ | ৬.২৫ | ১২.৫ | ১২.৫ | ০.৫ | ৩১.৭৫ | ৫০ | ২৫ | ৩৭.৫ | ৭৫ | ১৮৭.৫ | ৫.২৫ | ১.৫৬২৫ | ৩.১২৫ | ২.২৫ | ২ | ৮.৯৩৭৫ | ১.৬ | ১.৬ | ০.৯৯ | ০.৮২৫ | ০.৪৭৮৫ | ০.৩১৯ | ৫.৮১২৫ | ২০ |
| ২১ | ঢাকা | ৭০ | ০.০৪২ | ১.৭৫ | ৩.৫ | ৩.৫ | ০.১৪ | ৮.৮৯ | ১৪ | ৭ | ১০.৫ | ২১ | ৫২.৫ | ১.৪৭ | ০.৪৩৭৫ | ০.৮৭৫ | ০.৬৩ | ০.৫৬ | ২.৫০২৫ | ০.৪৪৮ | ০.৪৪৮ | ০.২৭৭২ | ০.২৩১ | ০.১৩৩৯৮ | ০.০৮৯৩২ | ১.৬২৭৫ | ৫.৬ |
| ২২ | মানিকগঞ্জ | ১১০ | ০.০৬৬ | ২.৭৫ | ৫.৫ | ৫.৫ | ০.২২ | ১৩.৯৭ | ২২ | ১১ | ১৬.৫ | ৩৩ | ৮২.৫ | ২.৩১ | ০.৬৮৭৫ | ১.৩৭৫ | ০.৯৯ | ০.৮৮ | ৩.৯৩২৫ | ০.৭০৪ | ০.৭০৪ | ০.৪৩৫৬ | ০.৩৬৩ | ০.২১০৫৪ | ০.১৪০৩৬ | ২.৫৫৭৫ | ৮.৮ |
| ২৩ | টাঙ্গাইল | ৩০০ | ০.১৮ | ৭.৫ | ১৫ | ১৫ | ০.৬ | ৩৮.১ | ৬০ | ৩০ | ৪৫ | ৯০ | ২২৫ | ৬.৩ | ১.৮৭৫ | ৩.৭৫ | ২.৭ | ২.৪ | ১০.৭২৫ | ১.৯২ | ১.৯২ | ১.১৮৮ | ০.৯৯ | ০.৫৭৪২ | ০.৩৮২৮ | ৬.৯৭৫ | ২৪ |
| ২৪ | বান্দরবান | ২০০ | ০.১২ | ৫ | ১০ | ১০ | ০.৪ | ২৫.৪ | ৪০ | ২০ | ৩০ | ৬০ | ১৫০ | ৪.২ | ১.২৫ | ২.৫ | ১.৮ | ১.৬ | ৭.১৫ | ১.২৮ | ১.২৮ | ০.৭৯২ | ০.৬৬ | ০.৩৮২৮ | ০.২৫৫২ | ৪.৬৫ | ১৬ |
| ২৫ | রাঙ্গামাটি | ২০০ | ০.১২ | ৫ | ১০ | ১০ | ০.৪ | ২৫.৪ | ৪০ | ২০ | ৩০ | ৬০ | ১৫০ | ৪.২ | ১.২৫ | ২.৫ | ১.৮ | ১.৬ | ৭.১৫ | ১.২৮ | ১.২৮ | ০.৭৯২ | ০.৬৬ | ০.৩৮২৮ | ০.২৫৫২ | ৪.৬৫ | ১৬ |
| ২৬ | খাগড়াছড়ি | ২০০ | ০.১২ | ৫ | ১০ | ১০ | ০.৪ | ২৫.৪ | ৪০ | ২০ | ৩০ | ৬০ | ১৫০ | ৪.২ | ১.২৫ | ২.৫ | ১.৮ | ১.৬ | ৭.১৫ | ১.২৮ | ১.২৮ | ০.৭৯২ | ০.৬৬ | ০.৩৮২৮ | ০.২৫৫২ | ৪.৬৫ | ১৬ |
| সর্বমোট = | | ২১১০০ | ১২.৬৬ | ৫২৭.৫ | ১০৫৫ | ১০৫৫ | ৪২.২ | ২৬৭৯.৭ | ৪২২০ | ২১১০ | ৩১৬৫ | ৬৩৩০ | ১৫৮২৫ | ৪৪৩.১ | ১৩১.৮৭৫ | ২৬৩.৭৫ | ১৮৯.৯ | ১৬৮.৮ | ৭৫৪.৩২৫ | ১৩৫.০৪ | ১৩৫.০৪ | ৮৩.৫৫৬ | ৬৯.৬৩ | ৪০.৩৮৫৪ | ২৬.৯২৩৬ | ৪৯০.৫৭৫ | ১৬৮৮ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. কৃষি মন্ত্রণালয়ের কৃষি পুনর্বাসন কার্যক্রমে প্রথমবারের মত গত ২০২৩-২৪ অর্থবছর হতে তুলা ফসলকে অন্তর্ভূক্ত করা হয়েছে। বিধায় জেলা পর্যায়ে বিদ্যমান জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিতে তুলা উন্নয়ন বোর্ডের জেলা পর্যায়ের সংশ্লিষ্ট প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাকে প্রণোদনাভুক্ত জেলাসমূহে কো-অপ্ট করতে হবে;

২. যেসব জেলায় তুলা ফসল প্রণোদনা কর্মসূচি পরিচালনা করা হবে, উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য সেসব জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিতে তুলা উন্নয়ন বোর্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে হবে। কর্মসূচি বাস্তবায়নে তিনি সার্বিক সহযোগিতা করবেন এবং সকলের সাথে সমন্বয় করে কাজ করবেন;

৩. তুলা ফসল প্রণোদনা কর্মসূচির অর্থ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে ছাড় ও অগ্রিম উত্তোলনের সম্মতি প্রদান করা হবে। তুলা উন্নয়ন বোর্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সম্পৃক্ত রেখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি যাবতীয় ক্রয় ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করবে। কর্মসূচির অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য তুলা উন্নয়ন বোর্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব জেলার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে ডিএই, তুলা উন্নয়ন বোর্ড ও মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

৪. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA-২০০৬ ও PPR-২০০৮ (সংশোধনীসহ)** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। এখানে উল্লেখ্য যে, প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে সংশ্লিষ্ট ২৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে অর্থ ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি প্রদান করবেন। সংশ্লিষ্ট জেলার ছাড়কৃত অর্থব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যৎ-এ কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৫. তুলা উন্নয়ন বোর্ডের (০১) যশোর জোনের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সিসিডিও) যশোর জেলা, (০২) ঝিনাইদহ জোনের সিসিডিও ঝিনাইদহ ও মাগুরা জেলা, (০৩) চুয়াডাঙ্গা জোনের সিসিডিও চুয়াডাঙ্গা জেলা, (০৪) কুষ্টিয়া জোনের সিসিডিও কুষ্টিয়া ও মেহেরপুর জেলা, (০৫) রাজশাহী জোনের সিসিডিও রাজশাহী, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা, (০৬) বগুড়া জোনের সিসিডিও বগুড়া, পাবনা ও সিরাজগঞ্জ জেলা, (০৭) ঠাকুরগাঁও জোনের সিসিডিও ঠাকুরগাঁও ও দিনাজপুর জেলা, (০৮) রংপুর জোনের সিসিডিও রংপুর, লালমনিরহাট ও গাইবান্ধা জেলা, (০৯) ময়মনসিংহ জোনের সিসিডিও ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলা, (১০) ঢাকা জোনের সিসিডিও ঢাকা, মানিকগঞ্জ ও টাঙ্গাইল জেলার প্রণোদনা কার্যক্রম বাস্তবায়ন করবেন। (১১) বান্দরবান জোনের সিসিডিও বান্দরবান পার্বত্য জেলা, (১২) রাঙ্গামাটি জোনের সিসিডিও রাঙ্গামাটি পার্বত্য জেলা ও (১৩) খাগড়াছড়ি জোনের সিসিডিও খাগড়াছড়ি পার্বত্য জেলার প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের সাথে সম্পৃক্ত থাকবেন;

৬. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট সিসিডিও এর সাথে পরামর্শ ও সহায়তায় জেলাওয়ারি নির্ধারিত সংখ্যক চাষী অনুযায়ী উপজেলাওয়ারি বিভাজনের পর সংশ্লিষ্ট উপজেলার তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট তুলা উন্নয়ন কর্মকর্তা/ কটন ইউনিট অফিসের দায়িত্বপ্রাপ্ত কটন ইউনিট অফিসার/ সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যানগণ উপ-সহকারী কৃষি কর্মকর্তার সহায়তায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের খসড়া তালিকা প্রস্তুত করবেন। তুলা উন্নয়ন কর্মকর্তা / কটন ইউনিট অফিসার/ সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যানগণ ও উপ-সহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত খসড়া চাষীর তালিকা জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক, উপকরণ বিতরণ কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে সরকারি আদেশে বর্ণিত শর্তাবলি অনুযায়ী প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন কর্মকর্তা/ কটন ইউনিট অফিসার/ সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যানগণ সহায়তায় মাঠ পর্যায়ে বাস্তবায়ন করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি সংশ্লিষ্ট প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড (Email:ed@cdb.gov.bd) এবং পরিচালক (সরেজমিন উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (Email: admonitoring@dae.gov.bd/ ddmonitoring@ yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে উক্ত তালিকার সফট কপি নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড সরকারি ইমেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (Email: input2@moa.gov.bdওmoa.input2@ gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করবেন;

৭. সংশ্লিষ্ট এলাকার কটন ইউনিট অফিসার/ সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যান এই কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে বিতরণ রেজিস্টারে সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন এবং গ্রোয়ার্স কার্ডে সঠিকভাবে লিপিবদ্ধ করবেন। বিতরণ রেজিস্টারে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলও গ্রোয়ার্স কার্ডে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। সংশ্লিষ্ট কটন ইউনিট অফিসার এতে স্বাক্ষর করবেন এবং প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা/তুলা উন্ননয়ন কর্মকর্তা এতে প্রতিস্বাক্ষর করবেন;

৮. তুলা উন্নয়ন বোর্ডের কটন ইউনিট অফিসার / সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যান (ইউনিট প্রধান) কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত তালিকাভুক্ত) প্রত্যেক কৃষককে প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্তে ইউনিটওয়ারী বিতরণ রেজিস্ট্রার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা এক কপি প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাকে প্রেরণ করবেন। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা তালিকার এক কপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট উপ-পরিচালক এর মাধ্যমে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা-এর নিকট প্রেরণ করবেন;

৯. উপকারভোগী কৃষক তালিকা তুলা উন্নয়ন বোর্ডের ওয়েব পোর্টালে (www.cdb.gov.bd) আপলোড করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার ভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার (৩৩ শতক) জন্য হাইব্রিড তুলাবীজ ০.৬ কেজি, ইউরিয়া ২৫ কেজি, টিএসপি ৫০ কেজি, এমওপি ৫০ কেজি, বোরণ ২ কেজি, বৃদ্ধি নিয়ন্ত্রক ও বালাইনাশক সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা (৩৩ শতাংশ) জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা হবে;

১১. কর্মসূচির জন্য তুলাবীজসহ অন্যান্য সকল উপকরণ তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কটন ইউনিট অফিস থেকে বিতরণ করা হবে। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষকছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

১২. কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় জেলাভিত্তিক সংযুক্ত বিভাজন অনুযায়ী পিপিআর-২০০৮ অনুসরণে জাতওয়ারি হাইব্রিড তুলার জাত (রূপালি-১, হোয়াইট গোল্ড- ১, হোয়াইট গোল্ড- ২, শুভ্র-৩, ডিএম- ৪, ইজামিয়ান-১৩) নির্ধারিত মূল্যে প্রতিষ্ঠিত বেসরকারি হাইব্রিড তুলাবীজ উৎপাদনকারী/আমদানিকারক/বাজারজাতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে হাইব্রীড তুলাবীজ ক্রয় ও সংগ্রহ করতে হবে। ইউরিয়া সার বিসিআইসি এবং ডিএপি ও এমওপি সার বিএডিসি থেকে ক্রয় পূর্বক প্রণোদনার আওতাধীন তুলা উন্নয়ন বোর্ডের কটন ইউনিট অফিসে সরবরাহ প্রদান করতে হবে। তুলাচাষে ব্যবহারের জন্য উপযোগী মানসম্পন্ন বালাইনাশক ও বৃদ্ধি নিয়ন্ত্রক পিপিআর-২০০৮ অনুসরণে উপকরণসমূহ নিয়ম মাফিক ক্রয়, সংগ্রহ ও বিতরণ করতে হবে। তুলা উন্নয়ন বোর্ডের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির পরামর্শক্রমে বর্ণিত উপকরণসমূহ মে/২০২৪ মাসের মধ্যে কৃষকের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

১৩. পরিবহন ও আনুষঙ্গিক ব্যয় জেলা হতে তুলা উন্নয়ন বোর্ডের ইউনিট অফিসের দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারণ করতে হবে;

১৪. প্রণোদনার আওতায় জেলা ভিত্তিক ক্রয়কৃত তুলাবীজ, বৃদ্ধি নিয়ন্ত্রক ও বালাইনাশক এবং ইউরিয়া, ডিএপি ও এমওপি সার সংশ্লিষ্ট প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রণোদনাভুক্ত তুলা উন্নয়ন বোর্ডের স্ব স্ব কটন ইউনিট অফিসে সরবরাহ প্রদান করতে হবে। ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কটন ইউনিট অফিসার/ সহকারি কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যান অনুমোদিত তালিকাভুক্ত উপকারভোগী কৃষকগণের মাঝে সরবারহকৃত উপকরণ বিতরণ করবেন;

১৫. বীজের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে, বীজ প্রাপ্তির উৎস সম্পর্কিত তথ্যাদি, যেমন:- উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বৈধ লাইসেন্স গ্রহণ; যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনিটরিং ও ফাইটো স্যানিটারি (পিসি) সার্টিফিকেট গ্রহণ; উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের তথ্যাদি এবং বীজ আমদানির ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক বীজ আমদানির বৈধ লাইসেন্স, অভিজ্ঞতার সনদ, পণ্যের বিবরণসহ এলসির (LC) কপি ও আমদানি সংক্রান্ত শর্তাবলি পরিপালনসহ প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

১৬. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে। বীজ কাংখিত মানের না হলে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১৭. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্তে রেজিস্টারে সংশ্লিষ্ট কৃষকের তালিকা অন্তর্ভুক্তিসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কটন ইউনিট অফিসার/ সহকারী কটন ইউনিট অফিসার/ স্টোরকাম ফিল্ডম্যানের মাধ্যমে সংরক্ষণ করবেন এবং প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা উপকরণ বিতরণ তালিকার ০১ (এক) কপি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ডে প্রেরণ করবেন। উপপরিচালকগণ প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকার ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ডে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট সিসিডিওগণ স্ব স্ব জেলার জেলা প্রশাসক/ পার্বত্য ৩ জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট তালিকার একটি কপি প্রেরণ করবেন। উপকারভোগী কৃষক তালিকা তুলা উন্নয়ন বোর্ড এর প্রধান কার্যালয়ের ওয়েবসাইটসহ জোনাল পর্যায়ের ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে;

১৮. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহনযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরনের জন্য প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাগণ স্ব স্ব জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে সরকারি ই-মেইলে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড (Email:ed@cdb.gov.bd) এবং পরিচালক, (সরেজমিন উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (Email: admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (Email:input2@moa.gov.bdও moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক / পার্বত্য ৩ জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড উক্ত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন; **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।** কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৯. **সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;** এবং

২০. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি তুলা উন্নয়ন বোর্ড ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর** নিশ্চিত করবে;

২১. (পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে (Email:ed@cdb.gov.bd/ admonitoring@dae.gov.bd/input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ/ সার /কীটনাশক পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম ও পরিমাণ-<br>কীটনাশকের নাম-<br>কীটনাশকের পরিমাণ-<br>বৃদ্ধি নিয়ন্ত্রকের নাম ও পরিমাণ- | |

৩০/০৪/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৩ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৪৩

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)** ।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।
১২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৮. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৯. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
২০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২১. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/০৪/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
আইসিটি শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**স্মারক নম্বর:** ১২.০৭.০০০০.০০০.১০৭.০৭.০০০১.২৫.৪২

তারিখ: ২২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ২৭-০৪-২০২৫ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৩৮, অর্থ মন্ত্রণালয়ের ২৭-০৪-২০২৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪.৩১৬ এবং কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ৩০-০৪-২০২৫ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.১৪৩ নং স্মারক পত্রের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ মৌসুমে তুলা ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১৬৮৮.০০ লক্ষ (ষোল কোটি আটাশি লক্ষ) টাকা অর্থছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশের অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০৫-০৫-২০২৫
ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।
২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল)।

০৬-০৫-২০২৫
ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ